দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

“মানুষ, পৃথিবী ও সমৃদ্ধির জন্য সাক্ষরতা” এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদায় পালিত হয়েছে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০২৬।

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে এবং উপজেলা প্রশাসন ও উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, দামুড়হুদার আয়োজনে দিবসটি উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আজ মঙ্গলবার সকাল ১১ টায় উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিটি উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদ সভাকক্ষে এসে শেষ হয়। র্যালিতে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, শিক্ষক, শিক্ষার্থী, এনজিও কর্মীরা অংশগ্রহণ করেন।

পরে উপজেলা পরিষদ সভাকক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা লাভলী ইয়াসমিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তারা বলেন, সাক্ষরতা কেবল অক্ষর জ্ঞান নয়, এটি মানুষের মর্যাদা, পরিবেশ সচেতনতা ও টেকসই সমৃদ্ধির ভিত্তি।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনে শতভাগ সাক্ষরতার কোনো বিকল্প নেই। নিরক্ষরতা দূরীকরণে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যক্রমকে আরও গতিশীল করতে সকলের সহযোগিতা কামনা করা হয়।

আলোচনা সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান, একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, সহকারী মৎস্য কর্মকর্তা ফারুক মহলদারসহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক ও সুপারভাইজারগণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় গাঁজাসহ গ্রেপ্তার, ১৫ দিনের কারাদণ্ড; পরোয়ানাভুক্ত ৪ আসামি আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদকবিরোধী বিশেষ অভিযানে ৩ গ্রাম গাঁজাসহ মকবুল হোসেন (৪০) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। পরে তাঁকে সংক্ষিপ্ত বিচার (সামারি ট্রায়াল) আদালতে হাজির করা হলে আদালত তাঁকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ৩ দিনের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেন।

পুলিশ জানায়, চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার মোহাম্মদ রুহুল কবীর খানের সার্বিক দিকনির্দেশনায় এবং দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিনের তত্ত্বাবধানে গত ৬ সেপ্টেম্বর রাত সাড়ে ১০টার দিকে এসআই (নিঃ) মিজানূর রহমান সঙ্গীয় ফোর্সসহ থানা এলাকায় অভিযান পরিচালনা করেন।

এ সময় গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন হাউলী ব্রিজের পূর্ব পাশে পাকা রাস্তার ওপর থেকে মকবুল হোসেনকে আটক করা হয়। তিনি দামুড়হুদা দশমীপাড়া এলাকার মৃত আব্দুল করিমের ছেলে। উপস্থিত সাক্ষীদের সামনে তাঁর দেহ তল্লাশি করা হলে পরিহিত লুঙ্গির ডান কোঁচড় থেকে সাদা কাগজে মোড়ানো এক পুরিয়া গাঁজা উদ্ধার করা হয়। উদ্ধার করা গাঁজার ওজন ৩ গ্রাম, যার আনুমানিক মূল্য ২০০ টাকা। রাত ১০টা ৪৫ মিনিটে আলামত জব্দ তালিকার মাধ্যমে গাঁজাটি জব্দ করা হয়।

পরবর্তীতে মকবুল হোসেনকে থানায় নিয়ে এসে সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের জন্য চুয়াডাঙ্গার বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট (সংক্ষিপ্ত বিচার আদালত)-এর আদালতে উপস্থাপন করা হলে আদালত তাঁকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ৩ দিনের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেন।

অপরদিকে, একই দিনে থানা এলাকায় পৃথক অভিযান পরিচালনা করে গ্রেপ্তারি পরোয়ানাভুক্ত চার আসামিকে গ্রেপ্তার করেছে দামুড়হুদা

মডেল থানা পুলিশ।

গ্রেপ্তারকৃতরা হলেন সিআর-৩১৯/২৬ মামলার আসামি জিহাদ আলী তরুণ (২৮), সাং- দলকা লক্ষ্মীপুর (গয়েশপুর); পারিবারিক জারী ৩৫/২১ মামলার আসামি আব্দুল আজিজ (৩৮), সাং- উত্তর চাঁদপুর; দামুড়হুদা থানার মামলা নং-১৮/১৮, জিআর-৩৬৪/১৮-এর আসামি রমজান (২০), সাং- হুদাপাড়া মাঝপাড়া; এবং দামুড়হুদা থানার মামলা নং-০৭/২২, জিআর-১৩৫/২২-এর আসামি রাজন (২০), সাং- বিষ্ণুপুর মাস্টারপাড়া।

গ্রেপ্তারকৃত সব আসামিকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিন জানান, মাদকদ্রব্য, অবৈধ অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার এবং চোরাকারবারি, মাদক ব্যবসায়ী ও ডাকাতসহ অবৈধ অস্ত্রধারীদের গ্রেপ্তারে থানা পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

দামুড়হুদায় বাঁশের আঘাতে আহত ব্যক্তি চিকিৎসাধীন অবস্থায় নিহত

দামুড়হুদায় প্রতিবেশীর সঙ্গে বাগ্বিতণ্ডার একপর্যায়ে বাঁশের আঘাতে গুরুতর আহত ফরিদুল ইসলাম (৪৫) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। সোমবার (৭ সেপ্টেম্বর) ভোররাতে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

নিহত ফরিদুল ইসলাম উপজেলার সীমান্তবর্তী পীরপুরকুল্লা গ্রামের আবু হোসেন চৌকিদারের ছেলে। ঘটনাটি ঘটেছে উপজেলার সীমান্তবর্তী পীরপুরকুল্লা গ্রামে।

স্থানীয় ও প্রত্যক্ষদর্শীরা জানান, রোববার (৬ সেপ্টেম্বর) সন্ধ্যায় প্রতিবেশী দুলালের বাড়িতে কাপড়ের নেকড়া (ছেঁড়া কাপড়) ফেলা নিয়ে ফরিদুল ইসলামের সঙ্গে তাঁর বাগ্বিতণ্ডা হয়। একপর্যায়ে দুজনের মধ্যে ধাক্কাধাক্কির ঘটনা ঘটে। এ সময় দুলাল বাঁশ দিয়ে

ফরিদুল ইসলামের মাথায় আঘাত করেন।

আঘাতে ফরিদুল ইসলাম গুরুতর আহত হন। স্থানীয়রা তাঁকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যান। সেখানে তাঁর অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। পরে রাতেই তাঁকে রাজশাহীতে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় সোমবার ভোররাতে তাঁর মৃত্যু হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মেজবাহ উদ্দিন বলেন, “ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। আইনগত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।” ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে বলেও জানান তিনি।

দামুড়হুদায় ইয়াবাসহ যুবক আটক, ৩ মাসের কারাদণ্ড

দামুড়হুদায় ১ পিস ইয়াবা ট্যাবলেটসহ এক যুবককে গ্রেপ্তার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ। পরে তাঁকে সংক্ষিপ্ত বিচার (সামারি ট্রায়াল) আদালতে হাজির করা হলে আদালত ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন।

পুলিশ সূত্রে জানা গেছে, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিনের তত্ত্বাবধানে এসআই পবিত্র মণ্ডল সঙ্গীয় ফোর্সসহ বিশেষ অভিযান পরিচালনা করেন।

অভিযানকালে গোপন সংবাদের ভিত্তিতে গত ৫ সেপ্টেম্বর রাত আনুমানিক ১১টার দিকে দামুড়হুদা উপজেলার জয়রামপুর কাঠালতলা গ্রামের আসমত আলীর বাড়ির পূর্ব পাশ থেকে আনারুল ইসলাম (২৬) নামের এক যুবককে গ্রেপ্তার করা হয়। এ সময় উপস্থিত সাক্ষীদের সামনে তাঁর দেহ তল্লাশি করে পরিহিত লুঙ্গির ডান কোচর থেকে সাদা পলিথিনে রাখা ১ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে বিধি মোতাবেক মাদকদ্রব্যটি জব্দ করা হয়।

পরবর্তীতে আটক ব্যক্তিকে দামুড়হুদা মডেল থানায় নিয়ে এসে সংক্ষিপ্ত বিচার আদালতে উপস্থাপন করা হলে বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট (সংক্ষিপ্ত বিচার আদালত) তাঁকে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড, ১ হাজার টাকা অর্থদণ্ড এবং অর্থদণ্ড অনাদায়ে আরও ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেন।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ্ উদ্দিন বলেন, মাদকদ্রব্য উদ্ধার, অবৈধ অস্ত্র ও গোলাবারুদ জব্দ, চোরাকারবারি, মাদক ব্যবসায়ী, ছিনতাইকারী, ডাকাত এবং বিভিন্ন অপরাধে জড়িত আসামিদের গ্রেপ্তারে পুলিশের বিশেষ অভিযান অব্যাহত রয়েছে।

দামুড়হুদায় রহিমকে আটক করে ইয়াবা মামলায় চালানের অভিযোগ

দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামের রহিমকে ‘ওসি ডাকছে’ বলে বাড়ি থেকে আটক করে ইয়াবা মামলায় আদালতে পাঠানোর অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে।

এ ঘটনায় ভুক্তভোগী পরিবার ও প্রতিবেশীদের মধ্যে ক্ষোভ সৃষ্টি হয়েছে। একই সঙ্গে মামলার ভয় দেখিয়ে স্থানীয় এক যুবদল নেতার বিরুদ্ধে রহিমের পরিবারের কাছ থেকে ১৫ হাজার টাকা নেওয়া এবং আরও ১৫ হাজার টাকা দাবি করার অভিযোগ উঠেছে।

গত শুক্রবার রাত ৮টার দিকে দামুড়হুদা মডেল থানার এসআই সিহাবুল ইসলাম ও এসআই উত্তম কুমার জয়রামপুর মালিতাপাড়ার রহিত আলীর ছেলে রহিমকে আটক করেন। পরে গতকাল শনিবার দুপুর আড়াইটার দিকে ২৭ পিস ইয়াবা উদ্ধারের মামলায় তাঁকে আদালতে সোপর্দ করা হয়।

ভুক্তভোগী পরিবারের সূত্রে জানা যায়, জয়রামপুর মালিতাপাড়ার অটোচালক রহিম অটো চালিয়ে বাড়িতে ফেরার পরপরই দামুড়হুদা মডেল থানার এসআই সিহাবুল ইসলাম ও এসআই উত্তম কুমার তাঁকে ‘ওসি স্যার ডাকছেন’ বলে থানায় নিয়ে যান। পরিবারের সদস্যরা পুলিশকে বলেন,

রহিম কোনো মাদকদ্রব্যের সঙ্গে জড়িত নন। তাঁকে কেন আটক করা হচ্ছে এমন প্রশ্ন করলে পুলিশ জানায়, ওসি স্যার ডাকছেন, কী বলছেন শুনে চলে আসবেন।

পরিবারের দাবি, রহিমের কাছ থেকে কোনো মাদকদ্রব্য উদ্ধার না হলেও পরে তাঁকে ২৭ পিস ইয়াবা উদ্ধারের মামলায় আদালতে সোপর্দ করা হয়। মামলার এফআইআর নম্বর ৩, তারিখ ৬ আগস্ট ২০২৬ এবং জিআর নম্বর ১৩৮ বলে পরিবার সূত্রে জানা গেছে।

রহিমের কাছ থেকে মাদকদ্রব্য উদ্ধার না হওয়ার দাবি এবং তাঁকে আটকের ঘটনায় এলাকায় ক্ষোভের সৃষ্টি হয়েছে। এর কয়েক দিন আগে একই এলাকার বিপ্লবকেও আটক করে ১৭ পিস ইয়াবা উদ্ধারের মামলায় আদালতে সোপর্দ করা হয়েছিল বলে স্থানীয়দের দাবি। বিপ্লবের পরিবারেরও অভিযোগ, তাঁর কাছ থেকে কোনো মাদকদ্রব্য উদ্ধার হয়নি।

পুলিশ মাদকদ্রব্য উদ্ধার না করেই মানুষকে আটক করে মামলায় চালান দিচ্ছে এমন অভিযোগে সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক বিরাজ করছে বলে স্থানীয়রা দাবি করেছেন। এ ধরনের ঘটনা বন্ধে চুয়াডাঙ্গার পুলিশ সুপারের হস্তক্ষেপ কামনা করেছেন তাঁরা।

এদিকে রহিমের পরিবারের অভিযোগ, মামলার ভয় দেখিয়ে রহিমের মায়ের কাছ থেকে ১৫ হাজার টাকা নিয়েছেন স্থানীয় যুবদল নেতা ডাবলু। একই সঙ্গে আরও ১৫ হাজার টাকা দাবি করা হয়েছে বলেও অভিযোগ করেন তাঁরা।

রহিমের মা বলেন, “আমরা হাসিনা আমলে ব্যবসা করতাম। হাসিনা সরকার চলে যাওয়ার পর গ্রামের গণ্যমান্য ব্যক্তিরা আমাদের ডেকে স্ট্যাম্পে লেখাপড়া করে সেই ব্যবসা ছেড়ে দিতে বলেন। আমরা ব্যবসা ছেড়ে দিই। গত শুক্রবার আমার ছেলে রহিম অটো চালিয়ে বাড়িতে আসার সঙ্গে সঙ্গে থানার এসআই সিহাবুল ইসলাম ও এসআই উত্তম কুমার ওসির সঙ্গে কথা বলবে বলে তাকে ধরে নিয়ে যান। আমার ছেলের কাছে কোনো কিছু পাওয়া যায়নি, তাঁর নামে কোনো মামলাও নেই। পরদিন শুনছি, এক মাস আগের ২৭ পিস ইয়াবার মামলায় তাকে চালান দেওয়া হয়েছে। আবার ডাবলু মামলার ভয় দেখিয়ে আমার কাছে টাকা দাবি করেন। মামলা থেকে বাঁচতে আমি কানের দুল বন্ধক রেখে ডাবলুকে ১৫ হাজার টাকা দিই। পরে আবার আরও ১৫ হাজার টাকা দিতে হবে, তা না হলে বাড়ির সবার নামে মামলা দেওয়া হবে বলে জানান।”

জয়রামপুর মাদক নির্মূল কমিটির সদস্য ফারুক হোসাইন বাবু বলেন,

“রহিমকে ধরার ব্যাপারে আমরা কিছু জানি না।”

একই কমিটির সদস্য গোলাম সরোয়ার ছোটন বলেন, “এই আসামিকে ধরার ব্যাপারে আমরা কেউ জড়িত নই। আমাদের সদস্যদের মধ্যে কেউ যদি জড়িত থাকে, তাহলে তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”

হাউলী ইউনিয়নের সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা বলেন, “বাংলাদেশ সরকার মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করেছে। যারা মাদক ব্যবসা করে, মাদকসহ তাদের আইনের আওতায় আনলে আমাদের কোনো আপত্তি নেই। কিন্তু আমরা শুনতে পাচ্ছি, বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে মাদকের মামলায় চালান দেওয়া হচ্ছে। এটা খুবই দুঃখজনক। যাতে এ ধরনের ঘটনা না ঘটে, সেদিকে লক্ষ্য রাখার জন্য পুলিশ সুপার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।”

এদিকে যুবদল নেতা ডাবলু বলেন, “আমার বিরুদ্ধে যে অভিযোগ করা হয়েছে, তা একেবারেই মিথ্যা ও বানোয়াট। আমি এর সঙ্গে কোনোভাবেই জড়িত নই। তা যদি প্রমাণ করতে পারে, তাহলে আমাকে যে শাস্তি দেওয়া হবে, আমি মাথা পেতে নেব।”

দামুড়হুদা মডেল থানার এসআই সাইফুল ইসলাম (মামলার তদন্ত কর্মকর্তা) বলেন, “রহিমকে ২৭ পিস ইয়াবার মামলায় আদালতে সোপর্দ করা হয়েছে।”

দামুড়হুদায় বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

চুয়াডাঙ্গার দামুড়হুদায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, সমাবেশ ও কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে।

বৃহস্পতিবার বিকেল ৫টায় দামুড়হুদা উপজেলা বিএনপির আয়োজনে দামুড়হুদা ব্রিজ মোড় এলাকা থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দামুড়হুদায় ঘাস কাটার মেশিনে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে স্বামী- স্ত্রীর মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদায় গরুর জন্য ঘাস কাটার সময় বৈদ্যুতিক মেশিনে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে স্বামী-স্ত্রীর মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) দুপুর দেড়টার দিকে উপজেলার কালিয়াবকরি গ্রামে এ মর্মান্তিক ঘটনা ঘটে।নিহতরা হলেন, কালিয়াবকরি গ্রামের মাদার মণ্ডলের ছেলে লিটন হোসেন (৪০) ও তাঁর স্ত্রী লিপা খাতুন (৩৬)।

স্থানীয়রা জানান, মঙ্গলবার দুপুরে লিটন হোসেন তাঁর গরুর জন্য বৈদ্যুতিক মেশিনে ঘাস কাটছিলেন। এ সময় অসাবধানতাবশত আগে থেকেই মেশিনটি বিদ্যুতায়িত থাকায় তিনি বিদ্যুৎস্পৃষ্ট হন। স্বামীকে উদ্ধার করতে এগিয়ে গেলে তাঁর স্ত্রী লিপা খাতুনও বিদ্যুৎস্পৃষ্ট হন।

পরে স্থানীয় ও পরিবারের সদস্যরা দুজনকে দ্রুত উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। তবে হাসপাতালে পৌঁছানোর আগেই তাঁদের মৃত্যু হয় বলে জানা গেছে।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. মোস্তাফিজুর রহমান বলেন, পরিবারের সদস্যরা লিটন হোসেন ও লিপা খাতুনকে হাসপাতালে নিয়ে আসেন। পরীক্ষা-নিরীক্ষা শেষে তাঁদের মৃত ঘোষণা করা হয়। হাসপাতালে পৌঁছানোর অনেক আগেই তাঁদের মৃত্যু হয়েছে বলেও তিনি জানান।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহউদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, বিদ্যুৎস্পৃষ্ট হয়ে স্বামী- স্ত্রীর মৃত্যুর খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এ ঘটনায় আইনগত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

[redacted]

[redacted]